

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৮৮

কৈলাসহর, ০৬ জানুয়ারি, ২০২৪

উনকোটি জেলাভিত্তিক অদ্বৈত মল্লবর্মণের ১১০তম জন্মজয়ন্তী

উনকোটি জেলাভিত্তিক কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণের ১১০তম জন্মজয়ন্তী গত ৪ জানুয়ারি চন্ডীপুর ব্লকের বিবেকানন্দ হলে উদযাপন করা হয়। অদ্বৈত মল্লবর্মণের প্রতিকৃতিতে মাল্যদান করে অনুষ্ঠানের উদ্বোধন করেন উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সহকারী সভাপতি শ্যামল দাস, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান সন্দীপ কূর্মি প্রমুখ। অদ্বৈত মল্লবর্মণের জীবনী ও সাহিত্য চর্চা নিয়ে আলোচনা করেন রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের অধ্যাপিকা তৃষা চক্রবর্তী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চন্ডীপুর ব্লকের এস সি সাব কমিটির চেয়ারম্যান রতনমনি সরকার। স্বাগত বক্তব্য রাখেন জেলা কল্যাণ আধিকারিক বাদল রায়। অনুষ্ঠানে কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণের জীবন, দর্শন ও সাহিত্য চর্চার উপর মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ বক্তৃতা প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। তাছাড়া বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। তাছাড়া জেলাভিত্তিক অদ্বৈত মল্লবর্মণের জন্মজয়ন্তী অনুষ্ঠানের অঙ্গ হিসেবে গত ৩ জানুয়ারি শ্রীরামপুর এস এম এইচ এস স্কুলে আয়োজন করা হয় বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীদের মধ্যে বসে আঁকো ও বক্তৃতা প্রতিযোগিতা। অনুষ্ঠানে বসে আঁকো এবং বক্তৃতা প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়। তপশিলি জাতি কল্যাণ দপ্তর এই অনুষ্ঠানের আয়োজন করে।
